## প্রাতঃসভায় গ্রহণনীয় সংকল্পের কিছু নমুনা নিম্নে প্রদত্ত হল। এইধরণের সংকল্প প্রস্তুত করে প্রতিদিনে ছাত্র-ছাত্রীদের দ্বারা পাঠ করাবেন

⇨ আমরা সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন হয়ে থাকব।

⇨ আমরা খাওয়ার আগে হাত ধুয়ে নেব।

⇨ আমরা সর্বদা খাদ্যবস্তু এবং পানীয় জল ঢাকনি দিয়ে ঢেকে রাখব।

⇨ আমরা সর্বদা বিদ্যালয় গৃহ এবং বাসগৃহের চারপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন করে রাখব।

⇨ আমরা সর্বদা আবর্জনা ডাস্টবিন ও আবর্জনার জন্য নির্দিষ্ট গর্তে ফেলব।

⇨ আমরা রাতে শোয়ার সময় সর্বদা মশারি ব্যবহার করব।

⇨ আমরা যেখানে-সেখানে থু-থু ফেলাব না।

⇨ আমরা সর্বদা বিদ্যালয়ে পরিষ্কার-পরিচ্ছন্ন হয়ে আসব। বিদ্যালয়টিকে সুন্দর করে রাখব। সহপাঠীদের সঙ্গে মিলে মিশে থাকব। বিদ্যালয়ে নীতি-নিয়ম মেনে চলব।

⇨ এটি আমাদের বিদ্যালয়। বিদ্যালয়টি আমাদের একান্ত আপন। আমরা সর্বদা সময়মতো বিদ্যালয়ে আসব। শিক্ষাগুরু ও বয়োজ্যেষ্ঠদের শ্রদ্ধা করব।

⇨ আমরা ছাত্র-ছাত্রীরা দেশের ভাবি নগারিক। দেশের সম্মান অটুট রাখতে আমরা সর্বদা সচেষ্ট হব।

⇨ পিতৃ-মাতৃ, বয়োজ্যেষ্ঠ এবং শিক্ষাগুরুদের শ্রদ্ধা করব।

## বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের মধ্যে নীতি শিক্ষা আহরণের জন্য করণীয় কিছু কাজ

ছাত্র-ছাত্রীদের মধ্যে নীতি শিক্ষা এবং মূল্যবোধের মনোভাব জাগিয়ে তোলার জন্য শিক্ষক-শিক্ষয়িত্রীদের কিছু করণীয় কাজ-কর্ম নিম্নে প্রদত্ত হল—

- প্রাতঃসভায় ৫ মিনিট নীতি শিক্ষা ও মূল্যবোধ শিক্ষার জন্য রাখবেন। যার ১ মিনিট ধ্যান করতে দেবেন ও ৪ মিনিট মহৎ ব্যক্তিদের বাণী পড়বে (শিক্ষক বা ছাত্র-ছাত্রীরা লিখে আনবে)।
- কখনো মৌনব্রত পালন করাবেন। মৌনব্রতের পর ছাত্র-ছাত্রীদের মনোভাব ব্যক্ত করতে দেবেন।
- ভাষার পিরিওডে মাসে একদিন পাঠ্যপুস্তক থেকে নীতি ও মূল্যবোধ সমন্বিত নীতি কথা বেছে বের করে ছাত্র-ছাত্রীদের সামনে বলবেন। পাঠ্যপুস্তক ছাড়াও প্রকৃতির সঙ্গে সম্পর্কিত সত্য, ত্যাগ, পরোপকার, শ্রদ্ধা, ভক্তি, প্রেম ইত্যাদি সদ্‌গুণ প্রকাশ করে এমন নীতি কথা যেমন— হরিশচন্দ্র উপাখ্যান, শ্রবণের পিতৃভক্তি, ঈশপের নীতি কথা, লোককাহিনি ইত্যাদি। এছাড়াও মাসে অন্ততঃ একদিন মহৎ ব্যক্তি, বীর পুরুষ, সাহিত্যিক, শিল্পীদের জীবনী ও তাদের অবদানের বিষয়ে বলবেন।
- ধূমপান, নেশাজাতীয় বস্তুর অপকারিতা তথা এর সেবন থেকে বিরত থাকার ব্যাপারে নিশ্চিত করতে এসব দ্রব্য সেবনের ফলে হওয়া ভয়াবহ রোগসমূহের বিষয়ে সতর্কতামূলক কথা বলবেন।
- মাসে একদিন শিক্ষকের নেতৃত্বে সামাজিকভাবে একত্রিত হয়ে কোনো অঞ্চলে সাফাই কার্য করবে।
- শিক্ষকের নেতৃত্বে ছাত্র-ছাত্রীরা বিদ্যালয়ের তরফ থেকে কোনো সামাজিক অনুষ্ঠানে স্বেচ্ছামূলকভাবে পরিষেবা যোগাবে।
- ছাত্র-ছাত্রীরা নিজ গৃহে /গ্রামে/নিজের অঞ্চলে কোনো বয়োজ্যেষ্ঠ লোক বা শারীরিকভাবে অক্ষম লোক থাকলে তাঁদের ঘোরা-ফেরায় সাহায্য করবে। এহেন কার্যের জন্য শ্রেণিতে শিক্ষক ছাত্র-ছাত্রীদের মধ্যে কথোপকথনের ব্যবস্থা করবেন।
- ছাত্র-ছাত্রীদের তাদের মা-বাবাকে ঘরোয়া কাজে সাহায্য করতে; যেমন— শাক-সবজির বাগানে, ফুল বাগানে, শস্য ক্ষেত্রে জল দেওয়া, রান্না-বান্না, সেলাই ইত্যাদিতে সাহায্য করতে উৎসাহ যোগাবেন।
- পরিবেশ অধ্যয়নের মাধ্যমে ছাত্র-ছাত্রীরা যাতে সঠিক আচার-আচরণ, সৎ ব্যবহার আহরণ করে, শিক্ষক তা নিশ্চিত করবেন, যেমন— বয়োজ্যেষ্ঠদের সম্মান প্রদর্শন, কনিষ্ঠদের স্নেহ করা, ব্যক্তিগত সম্পদ এবং সেই সঙ্গে সার্বজনীন সম্পদের সংরক্ষণ, বিদ্যালয়ের ক্রিয়া-কলাপে নিয়মানুবর্তিতা/ শৃঙ্খলাবদ্ধতা মেনে চলা, পরিষ্কার-পরিচ্ছন্ন হয়ে থাকা ইত্যাদি।
- সংবিধান প্রদত্ত নাগরিকের মৌলিক দায়িত্ব ও কর্তব্যসমূহের প্রায় সবকয়টি প্রাথমিক পর্যায়ের পাঠ্যপুস্তকে সংলগ্ন করা হয়েছে। শিক্ষক-শিক্ষয়িত্রীরা মাঝে মাঝে ছাত্র-ছাত্রীদের সঙ্গে এই ব্যাপারে আলোচনা করে এর গুরুত্ব উপলব্ধি করাবেন। বিশেষভাবে পরিবেশ অধ্যয়ন ও সমাজ বিজ্ঞানের পিরিওডে এর ওপর বিশদভাবে আলোচনা করবেন।
- তদুপরি সমাজ বিজ্ঞানের পিরিওডে নিম্নপ্রদত্ত বিষয়বস্তুর ওপর বছরে অন্ততঃ দুবার আলোচনার ব্যবস্থা করবেন।
  — ভারতের সংবিধানের মূল বৈশিষ্ট্য
  — মৌলিক অধিকার
  — মৌলিক দায়িত্ব ও কর্তব্য
  — অনৈক্যের মধ্যে ঐক্য ইত্যাদি।
  (এর জন্য প্রয়োজন হলে স্থানীয় দক্ষ ব্যক্তির সাহায্য নেবেন।)

## মূল্যবোধ শিক্ষা

**কারিকুলামে বিভিন্ন বিষয়ের মাধ্যমে মূল্যবোধ জাগিয়ে তোলার কয়েকটি গুণ হল—**

| বিষয় | মূল্যবোধ |
|---|---|
| ভাষা | স্নেহ, ভালোবাসা, দেশপ্রেম, সহিষ্ণুতা, সাহায্যের মনোভাব, সাহসিকতা ইত্যাদি। |
| সমাজ বিজ্ঞান | ভ্রাতৃত্ববোধ, নেতৃত্বভাব, সৌন্দর্যবোধ, রাষ্ট্রীয় ও আন্তঃরাষ্ট্রীয় বোঝাপড়া, সামাজিক দায়বদ্ধতা, রাষ্ট্রীয় সজাগতা, সহিষ্ণুতা, কর্তব্যপরায়ণতা ইত্যাদি। |
| বিজ্ঞান | বিজ্ঞানসম্মত মনোভাব, সৌন্দর্যবোধ, শৃঙ্খলাবদ্ধতা, ইতিবাচক মনোভাব, নিয়মানুবর্তিতা ইত্যাদি। |
| গণিত | ধৈর্য, ক্ষুদ্র সঞ্চয়, দৃঢ়তা, শৃঙ্খলাবদ্ধতা, মিতব্যয়ীতা, যুক্তিযুক্ততা ইত্যাদি। |
| কলা ও শারীরিক শিক্ষা | নেতৃত্ববোধ, দলীয় শৃঙ্খলা, সৌন্দর্যবোধ, পরিষ্কার-পরিচ্ছন্নতা, সু-অভ্যাস গঠন, কাজ-কর্মের প্রতি আগ্রহ, শ্রমের মর্যাদা ইত্যাদি। |
| পরিবেশ অধ্যয়ন | প্রকৃতির প্রতি ভালোবাসা ও দায়িত্ববোধ, জীব-জন্তু ও পরিবেশের মধ্যে পারস্পরিক সম্পর্ক, পরিবেশ সংরক্ষণ ও সুরক্ষা, পরিবেশের সু-পরিকল্পিত ব্যবহার।<br>যেকোনো পরিবেশে কাজ করার মানসিকতা গঠন ইত্যাদি। |
| কর্ম শিক্ষা | উৎপাদনমুখী মনোভাবের সৃজন, বিভিন্ন বৃত্তির প্রতি শ্রদ্ধাশীল মনোভাব, শ্রমের মর্যাদা, আত্মবিশ্বাস, পারস্পরিক সহযোগিতা, দলীয় মনোভাব, সহিষ্ণুতা ইত্যাদি গুণের বিকাশসাধন করা। |

## বার্ষিক কার্য পরিকল্পনা

শৈক্ষিক বর্ষ আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে করণীয় কার্যসমূহ যাতে সুষ্ঠভাবে করতে পারা যায় তার জন্য বিদ্যালয় কর্তৃপক্ষ আগে থেকে বার্ষিক পরিকল্পনা প্রস্তুত করে নেওয়া নিতান্ত বাধ্যতামূলক। ক্রিয়াকলাপসমূহ এবং সেই সঙ্গে মূল্যায়ন করে উপযুক্ত নথি-পত্রে সংরক্ষণ করে রাখবেন।

| কার্য | নির্ধারিত সময় |
|---|---|
| সাফাই | প্রতিদিন ১৫ মিনিট |
| প্রাতঃসভা | প্রতিদিন ১৫ মিনিট |
| গাছের চারা রোপন ও বাগানের কাজ | মাসের একটি পিরিওড সকলের জন্য এবং প্রতিদিন ৩০ মিনিট সময় বাগানের দেখা-শোনার জন্য এক একটি গোষ্ঠী দায়িত্ব নেবে। |
| বিশেষ দিবস উদ্‌যাপন নির্ধারণ করবে। | একটি দিবস উদ্‌যাপনের জন্য খুব বেশি তিন পিরিওড সময়ের প্রয়োজন হবে বলে নিশ্চিত করা যায়। |
| সাহিত্য-সংস্কৃতিমূলক অনুষ্ঠান অনুষ্ঠিত করা (কমপক্ষে দশটি দিক যেমন- গান, নৃত্য, অভিনয়, মূকাভিনয়, তর্ক, রচনা প্রতিযোগিতা, আকস্মিক বক্তৃতা, কুইজ, আবৃত্তি, সৃজনাত্মক লেখনি ইত্যাদি) | প্রতিটি কার্যক্রমের জন্য তিন পিরিওড করে বছরে দুবার অনুষ্ঠিত করবে। |
| বার্ষিক খেলা-ধুলো | ৪ দিন (শেষের দিন পুরস্কার বিতরণী দিন হিসাবে পালন করবেন) |
| সামাজিক কাজ-কর্ম | বছরে অন্তত দুবার তিন পিরিওড নির্ধারণ করবেন। |
| কাব-বুলবুল/স্কাউট-গাইড সম্পর্কীয় কাজ-কর্ম | বছরে ৪০টা পিরিওড নির্ধারণ করবেন। |
| ক্ষেত্র ভ্রমণ / শৈক্ষিক ভ্রমণ / বনভোজ | ২ দিন বা ১০ ঘণ্টা |
| গ্রীষ্মকালীন শিবির/শীতকালীন শিবির/আন্তঃ বিদ্যালয় শিবির/ শান্তি শিক্ষার শিবির/মূল্যবোধের শিবির | ১২ দিন |

## ছাত্র-ছাত্রীদের অগ্রগতির খতিয়ান

বিদ্যালয়ের নাম -
ছাত্রী/ছাত্রীদের নাম -
শ্রেণি - শৈক্ষিক বর্ষ

| বিদ্যায়তনিক দিক | | | | |
|---|---|---|---|---|
| বিষয় / মূল্যায়ন | মূল্যায়ন ১ (৫০) | মূল্যায়ন ২ (৫০) | মূল্যায়ন ৩ (৫০) | মূল্যায়ন ৪ (৫০) |
| ভাষা - ১ | | | | |
| ভাষা - ২ | | | | |
| ভাষা - ৩ | | | | |
| গণিত | | | | |
| পরিবেশ অধ্যয়ন | | | | |
| সমাজ বিজ্ঞান | | | | |
| বিজ্ঞান | | | | |
| স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা | | | | |
| কলা শিক্ষা | | | | |
| কর্ম শিক্ষা | | | | |
| মোট | | | | |

| ব্যক্তিগত-সামাজিক গুণরাজি (বর্ণনামূলক মন্তব্য) | |
|---|---|
| নিয়মানুবর্তিতা | |
| বয়োজ্যেষ্ঠ ব্যক্তিদের প্রতি সম্মান প্রদর্শন | |
| প্রতিবন্ধীদের প্রতি সম্মান প্রদর্শন | |
| সত্যবাদিতা | |
| অনুশাসন | |
| সময়ানুবর্তিতা | |
| সমমর্মিতা | |
| সহযোগিতা | |
| মনোযোগ | |
| মনোভাব<br>(ক) নিজের প্রতি, সহপাঠীদের প্রতি | |
| (খ) শিক্ষকের প্রতি | |
| আবেগ নিয়ন্ত্রণ | |
| নেতৃত্ববোধ | |
| অন্যান্য | |

শিক্ষকের মন্তব্য ..............................

পিতৃ-মাতৃ/অভিভাবকের স্বাক্ষর .............................. শ্রেণি শিক্ষকের স্বাক্ষর..............................

তারিখ .............................. প্রধান শিক্ষকের স্বাক্ষর..............................

## দৈনিক সময় তালিকার নমুনা (১ম শ্রেণি থেকে ৮ম শ্রেণি পর্যন্ত)

| সময় / বার | ৯.০০-৯.১৫ | | ৯.১৫-১০.০০ | ১০.০০-১০.৪০ | ১০.৪০-১০.৫০ | ১০.৫০-১১.৩০ | ১১.৩০-১২.১০ | ১২.১০-১২.৪৫ | ১২.৪৫-১.২৫ | ১.২৫-২.০৫ | ২.০৫-২.৪৫ | ২.৪৫-৩.২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | শ্রেণি | ১ম পিরিওড | ২য় পিরিওড | | ৩য় পিরিওড | ৪র্থ পিরিওড | | ৫ম পিরিওড | ৬ষ্ঠ পিরিওড | ৭ম পিরিওড | ৮ম পিরিওড |
| সোম | সাফাই, প্রাতঃসভা, দিনটির কার্যাবলির পরিকল্পনা। | ১ম | ভাষা | গণিত | প্রথম বিরতি | ইংরাজি | পঠন শ্রেনি | মধ্যাহ্ন ভোজন বিরতি | গণিত | কলা শিক্ষা | ● এই সময়ে ১ম থেকে ৫ম শ্রেণির ছাত্র-ছাত্রীরা সহ-বিদ্যায়তনিক বিষয়সমূহের অনুশীলনের জন্য বিদ্যালয়ে থাকবে এবং অন্যান্য ছাত্র-ছাত্রীরা ২.০৫ মিনিটে বিদ্যালয় ত্যাগ করবে। ● শিক্ষক-শিক্ষয়িত্রীরা ছাত্র-ছাত্রীদের অনুশীলন গুলি পর্যবেক্ষণ ও মূল্যায়ন করবেন এবং সেই সঙ্গে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক বিকাশ সম্পর্কে তাদের পিতা-মাতা-অভিভাবকদের সঙ্গে আলোচনা করবেন। | |
| | | ২য় | গণিত | ভাষা | | ইংরাজি | পঠন শ্রেনি | | প্রতিকারমূলক শ্রেনি (ভাষা ১) | কলা শিক্ষা | | |
| | | ৩য় | ভাষা | গণিত | | ইংরাজি | পঠন শ্রেনি | | | পরিবেশ অধ্যয়ন | | |
| | | ৪র্থ | গণিত | ভাষা | | ইংরাজি | পরিবেশ অধ্যয়ন | | | পঠন শ্রেনি | | |
| | | ৫ম | ভাষা | গণিত | | ইংরাজি | পরিবেশ অধ্যয়ন | | | পঠন শ্রেনি | | |
| | | ৬ষ্ঠ | ভাষা | গণিত | | সমাজ বিজ্ঞান | সমাজ বিজ্ঞান | | ইংরাজি | প্রতিকারমূলক শ্রেনি (ভাষা২) | বিজ্ঞান | বিজ্ঞান |
| | | ৭ম | গণিত | ভাষা | | ইংরাজি | গণিত | | বিজ্ঞান | | সমাজ বিজ্ঞান | সমাজ বিজ্ঞান |
| | | ৮ম | ভাষা | গণিত | | বিজ্ঞান | ইংরাজি | | সমাজ বিজ্ঞান | | ইংরাজি | গণিত |
| মঙ্গল | সাফাই, প্রাতঃসভা, দিনটির কার্যাবলির পরিকল্পনা। | ১ম | গণিত | ভাষা | প্রথম বিরতি | ইংরাজি | কলা শিক্ষা | মধ্যাহ্ন ভোজন বিরতি | ইংরাজি | কর্ম শিক্ষা | ● এই সময়ে ১ম থেকে ৫ম শ্রেণির ছাত্র-ছাত্রীরা সহ-বিদ্যায়তনিক বিষয়সমূহের অনুশীলনের জন্য বিদ্যালয়ে থাকবে এবং অন্যান্য ছাত্র-ছাত্রীরা ২.০৫ মিনিটে বিদ্যালয় ত্যাগ করবে। ● শিক্ষক-শিক্ষয়িত্রীরা ছাত্র-ছাত্রীদের অনুশীলন গুলি পর্যবেক্ষণ ও মূল্যায়ন করবেন এবং সেই সঙ্গে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক বিকাশ সম্পর্কে তাদের পিতা-মাতা-অভিভাবকদের সঙ্গে আলোচনা করবেন। | |
| | | ২য় | ভাষা | গণিত | | প্রতিকারমূলক শ্রেনি (ভাষা২) | কর্ম শিক্ষা | | ভাষা | কলা শিক্ষা | | |
| | | ৩য় | গণিত | স্বা. শা. শিক্ষা | | | কর্ম শিক্ষা | | ইংরাজি | ভাষা | | |
| | | ৪র্থ | ভাষা | গণিত | | | পরিবেশ অধ্যয়ন | | গণিত | কর্ম শিক্ষা | | |
| | | ৫ম | গণিত | ভাষা | | | কর্ম শিক্ষা | | ভাষা | পরিবেশ অধ্যয়ন | | |
| | | ৬ষ্ঠ | গণিত | প্রতিকারমূলক শ্রেনি (ভাষা ১) | | বিজ্ঞান | সমাজ বিজ্ঞান | | ইংরাজি | ইংরাজি | সমাজ বিজ্ঞান | গ্রন্থাগার শ্রেণী |
| | | ৭ম | গণিত | | | ইংরাজি | গ্রন্থাগার শ্রেণি | | সমাজ বিজ্ঞান | সমাজ বিজ্ঞান | বিজ্ঞান | বিজ্ঞান |
| | | ৮ম | গণিত | | | সমাজ বিজ্ঞান | সমাজ বিজ্ঞান | | ইংরাজি | গ্রন্থাগার শ্রেণি | বিজ্ঞান | বিজ্ঞান |
| বুধ | সাফাই, প্রাতঃসভা, দিনটির কার্যাবলির পরিকল্পনা। | ১ম | ভাষা | গণিত | প্রথম বিরতি | ইংরাজি | কলা শিক্ষা | মধ্যাহ্ন ভোজন বিরতি | ভাষা | স্বা. শা. শিক্ষা | ● এই সময়ে ১ম থেকে ৫ম শ্রেণির ছাত্র-ছাত্রীরা সহ-বিদ্যায়তনিক বিষয়সমূহের অনুশীলনের জন্য বিদ্যালয়ে থাকবে এবং অন্যান্য ছাত্র-ছাত্রীরা ২.০৫ মিনিটে বিদ্যালয় ত্যাগ করবে। ● শিক্ষক-শিক্ষয়িত্রীরা ছাত্র-ছাত্রীদের অনুশীলন গুলি পর্যবেক্ষণ ও মূল্যায়ন করবেন এবং সেই সঙ্গে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক বিকাশ সম্পর্কে তাদের পিতা-মাতা-অভিভাবকদের সঙ্গে আলোচনা করবেন। | |
| | | ২য় | গণিত | প্রতিকারমূলক শ্রেনি (ভাষা ১) | | ইংরাজি | স্বা. শা. শিক্ষা | | গণিত | কলা শিক্ষা | | |
| | | ৩য় | গণিত | | | পরিবেশ অধ্যয়ন | ইংরাজি | | গণিত | স্বা. শা. শিক্ষা | | |
| | | ৪র্থ | গণিত | | | ইংরাজি | ভাষা | | পরিবেশ অধ্যয়ন | স্বা. শা. শিক্ষা | | |
| | | ৫ম | গণিত | | | ইংরাজি | স্বা. শা. শিক্ষা | | পরিবেশ অধ্যয়ন | গণিত | | |
| | | ৬ষ্ঠ | ভাষা | ইংরাজি | | ইংরাজি | গণিত | | সমাজ বিজ্ঞান | বিজ্ঞান | গ্রন্থাগার শ্রেণি | কলা শিক্ষা |
| | | ৭ম | গণিত | গণিত | | ইংরাজি | ইংরাজি | | সমাজ বিজ্ঞান | বিজ্ঞান | হিন্দি | কলা শিক্ষা |
| | | ৮ম | ভাষা | ইংরাজি | | গণিত | কর্ম শিক্ষা | | সমাজ বিজ্ঞান | সমাজ বিজ্ঞান | বিজ্ঞান | হিন্দি |
| বৃহস্পতি | সাফাই, প্রাতঃসভা, দিনটির কার্যাবলির পরিকল্পনা। | ১ম | গণিত | ভাষা | প্রথম বিরতি | ইংরাজি | ভাষা | মধ্যাহ্ন ভোজন বিরতি | পরিবেশ অধ্যয়ন | কর্ম শিক্ষা | ● এই সময়ে ১ম থেকে ৫ম শ্রেণির ছাত্র-ছাত্রীরা সহ-বিদ্যায়তনিক বিষয়সমূহের অনুশীলনের জন্য বিদ্যালয়ে থাকবে এবং অন্যান্য ছাত্র-ছাত্রীরা ২.০৫ মিনিটে বিদ্যালয় ত্যাগ করবে। ● শিক্ষক-শিক্ষয়িত্রীরা ছাত্র-ছাত্রীদের অনুশীলন গুলি পর্যবেক্ষণ ও মূল্যায়ন করবেন এবং সেই সঙ্গে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক বিকাশ সম্পর্কে তাদের পিতা-মাতা-অভিভাবকদের সঙ্গে আলোচনা করবেন। | |
| | | ২য় | ভাষা | প্রতিকারমূলক শ্রেনি (সংখ্যাজ্ঞান) | | ইংরাজি | স্বা. শা. শিক্ষা | | কলা শিক্ষা | কর্ম শিক্ষা | | |
| | | ৩য় | ভাষা | | | ইংরাজি | পরিবেশ অধ্যয়ন | | পরিবেশ অধ্যয়ন | কর্ম শিক্ষা | | |
| | | ৪র্থ | ভাষা | | | ইংরাজি | পরিবেশ অধ্যয়ন | | ভাষা | কর্ম শিক্ষা | | |
| | | ৫ম | ভাষা | | | ইংরাজি | পরিবেশ অধ্যয়ন | | ভাষা | কর্ম শিক্ষা | | |
| | | ৬ষ্ঠ | ভাষা | গণিত | | বিজ্ঞান | সমাজ বিজ্ঞান | | হিন্দি | সমাজ বিজ্ঞান | ইংরাজি | কলা শিক্ষা |
| | | ৭ম | গণিত | ভাষা | | সমাজ বিজ্ঞান | বিজ্ঞান | | সমাজ বিজ্ঞান | হিন্দি | ইংরাজি | কলা শিক্ষা |
| | | ৮ম | ভাষা | গণিত | | বিজ্ঞান | হিন্দি | | সমাজ বিজ্ঞান | সমাজ বিজ্ঞান | ইংরাজি | কলা শিক্ষা |
| শুক্র | সাফাই, প্রাতঃসভা, দিনটির কার্যাবলির পরিকল্পনা। | ১ম | ভাষা | গণিত | প্রথম বিরতি | ইংরাজি | স্বা. শা. শিক্ষা | মধ্যাহ্ন ভোজন বিরতি | গণিত | কলা শিক্ষা | ● এই সময়ে ১ম থেকে ৫ম শ্রেণির ছাত্র-ছাত্রীরা সহ-বিদ্যায়তনিক বিষয়সমূহের অনুশীলনের জন্য বিদ্যালয়ে থাকবে এবং অন্যান্য ছাত্র-ছাত্রীরা ২.০৫ মিনিটে বিদ্যালয় ত্যাগ করবে। ● শিক্ষক-শিক্ষয়িত্রীরা ছাত্র-ছাত্রীদের অনুশীলন গুলি পর্যবেক্ষণ ও মূল্যায়ন করবেন এবং সেই সঙ্গে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক বিকাশ সম্পর্কে তাদের পিতা-মাতা-অভিভাবকদের সঙ্গে আলোচনা করবেন। | |
| | | ২য় | গণিত | ভাষা | | প্রতিকারমূলক শ্রেনি (ভাষা২) | স্বা. শা. শিক্ষা | | গণিত | ইংরাজি | | |
| | | ৩য় | ভাষা | গণিত | | | পরিবেশ অধ্যয়ন | | ইংরাজি | স্বা. শা. শিক্ষা | | |
| | | ৪র্থ | গণিত | ভাষা | | | স্বা. শা. শিক্ষা | | পরিবেশ অধ্যয়ন | কলা শিক্ষা | | |
| | | ৫ম | ভাষা | গণিত | | | পরিবেশ অধ্যয়ন | | ভাষা | স্বা. শা. শিক্ষা | | |
| | | ৬ষ্ঠ | ভাষা | প্রতিকারমূলক শ্রেনি (সংখ্যাজ্ঞান) | | ইংরাজি | হিন্দি | | সমাজ বিজ্ঞান | সমাজ বিজ্ঞান | বিজ্ঞান | স্কাউট এবং গাইড |
| | | ৭ম | ভাষা | | | ইংরাজি | ইংরাজি | | বিজ্ঞান | সমাজ বিজ্ঞান | সমাজ বিজ্ঞান | স্কাউট এবং গাইড |
| | | ৮ম | ভাষা | | | বিজ্ঞান | হিন্দি | | সমাজ বিজ্ঞান | সমাজ বিজ্ঞান | ইংরাজি | স্কাউট এবং গাইড |
| শনি | সাফাই, প্রাতঃসভা, দিনটির কার্যাবলির পরিকল্পনা। | ১ম | ভাষা | গণিত | প্রথম বিরতি | ইংরাজি | গ্রন্থাগার শ্রেণি | | | | | |
| | | ২য় | গণিত | ভাষা | | ইংরাজি | গ্রন্থাগার শ্রেণি | | | | | |
| | | ৩য় | ভাষা | ইংরাজি | | গণিত | গ্রন্থাগার শ্রেণি | | | | | |
| | | ৪র্থ | গণিত | ভাষা | | ইংরাজি | গ্রন্থাগার শ্রেণি | | | | | |
| | | ৫ম | ভাষা | ইংরাজি | | গণিত | গ্রন্থাগার শ্রেণি | | | | | |
| | | ৬ষ্ঠ | ভাষা | গণিত | | বিজ্ঞান | ইংরাজি | | | | | |
| | | ৭ম | গণিত | ভাষা | | বিজ্ঞান | সমাজ বিজ্ঞান | | | | | |
| | | ৮ম | ভাষা | গণিত | | ভাষা | সমাজ বিজ্ঞান | | | | | |

**বিদ্যালয় ছুটি হওয়ার সময় অসমের জাতীয় সঙ্গীতটি সবাই মিলে এক সঙ্গে গেয়ে বিদ্যালয়ের কার্যসূচির সমাপ্তি করবে।**

- প্রত্যেক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষয়িত্রীরা বিষয়ের গুরুত্ব তথা ছাত্র-ছাত্রীদের অগ্রগতির ওপর ভিত্তি করে প্রয়োজন অনুযায়ী দৈনিক সময় তালিকা প্রস্তুত করে নেবেন
- বিশেষ প্রয়োজনসম্পন্ন শিশুদের ক্ষেত্রে শিক্ষক-শিক্ষয়িত্রীরা দৈনিক সময় তালিকা থেকে নিজের সুবিধা অনুযায়ী সময় বের করে নেবেন।
- দৈনিক সময় তালিকায় থাকা স্বা. শা. শিক্ষা স্বাস্থ্য ও শারীরিক শিক্ষাকে বোঝাচ্ছে।
- যে বিদ্যালয়গুলিকে দূরশিক্ষা (Tele-education)/ আই.সি.টি(I.C.T.) -র মাধ্যমে সন্নিবিষ্ট করা হয়েছে, সেই বিদ্যালয়গুলি দৈনিক সময়-তালিকায় নিজের সুবিধা অনুযায়ী দূর শিক্ষা বিষয়ক পিরিওড সন্নিবিষ্ট করবে।

### পিতৃ-মাতৃ/অভিভাবকের সঙ্গে কোন-কোন দিক নিয়ে আলোচনা করবেন?

- *তাঁদের সন্তান কি করতে ভালো বাসে বা কি করলে তারা খারাপ পায় সেই বিষয়ে আলোচনা করবেন।*
- *তাদের সন্তানদের ভালো বা খারাপ কাজগুলির ওপর আলোকপাত করবেন। সন্তানের কৃতকার্যতা ও উন্নতির ক্ষেত্রে প্রয়োজনীয় সাহায্যের কথা তাঁদের জানাবেন।*
- *সন্তানের কোনো প্রশংসনীয় কাজ বা তার প্রচেষ্টাকে উৎসাহিত করতে পরামর্শ দেবেন।*
- *ছাত্র বা ছাত্রীটিকে সহযোগিতা, দায়িত্ববোধ, অন্যের প্রতি সংবেদনশীলতা, আগ্রহ ইত্যাদি দিকসমূহ পিতৃ-মাতৃ বা অভিভাবকের সঙ্গে আলোচনা করবেন।*
- *সন্তানের শেখন কার্যে সহযোগিতা করার জন্য পিতৃ-মাতৃ বা অভিভাবক কি ধরনের কাজ করতে পারেন বা তাঁরা তাঁদের সন্তানের কোন দিকগুলি নিরীক্ষণ কবেন সেই বিষয়েও আলোচনা করবেন।*

### স্বাস্থ্যবিধি সম্পর্কে শিক্ষক-শিক্ষয়িত্রীদের দায়িত্ব ও ভূমিকা

- ছাত্র দলের দ্বারা পালা করে শ্রেণিকক্ষ ও বিদ্যালয় প্রাঙ্গন পরিষ্কার করা।
- স্বচ্ছতা ও স্বাস্থ্যবিধির অধীনস্থ ক্রিয়াকলাপসমূহ কে, কখন পালন করবে তা নির্ধারণ করা।
- শিক্ষক-শিক্ষয়িত্রী ও বিদ্যালয় পরিচালনা সমিতির পরামর্শ অনুযায়ী ছাত্র-ছাত্রীদের দ্বারা পালা করে পানীয় জলের উৎস ও শৌচাগার সুচল করে রাখার তদারকীকরণ।
- বিদ্যালয়ের তত্বাবধানের জন্য প্রাপ্ত অনুদানের টাকায় বিদ্যালয় পরিচালনা সমিতির দ্বারা পানীয় জলের উৎস ও শৌচাগারের মেরামতি করা।
- ছাত্র-ছাত্রীদের দ্বারা পালিত স্বাস্থ্যবিধি সম্পর্কীয় ক্রিয়াকলাপসমূহ শিক্ষক-শিক্ষয়িত্রীর কর্তৃক দৈনিক নিরীক্ষণ।

শৈক্ষিক দিনপঞ্জি সম্পর্কে আপনাদের মূল্যবান মতামত/পরামর্শ
নিম্নলিখিত ফোন নং-এর মাধ্যমে আমাদের অবগত করুন -
**রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম - ০৩৬১-২৩৮২৫০৭**
**১৮০০৩৪৫৩৫২৫ (টোল ফ্রি)**